বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়
৮৩-৮৫ মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।
ম্যানপাওয়ার প্ল্যানিং এন্ড ডেভেলপমেন্ট বিভাগ

গণমানুষের ব্যাংক
ফোন ঃ ০২২২৩৩৮১৬৫৫;
website: www.krishibank.org.bd
E-mail: **dgmonm@krishibank.org.bd**

প্রকা/এমপিডি/৬৮(অংশ-২)/২০২৩-২০২৪/১৪৮ তারিখঃ ১২-০২-২০২৪ খ্রি.

## অফিস নির্দেশ

ব্যাংকের সুষ্ঠু আর্থিক ব্যবস্থাপনার অনুশীলন ও কার্যক্রম শক্তিশালী এবং সময়োপযোগী করার লক্ষ্যে বাংলাদেশ ব্যাংক, হিউম্যান রিসোর্সেস ডিপার্টমেন্ট-১, প্রধান কার্যালয়, ঢাকা এর পত্র নং-এইচআরডি-১(পিপিটি)২০৭/২০২৩-৫৮৫৫ তারিখ ২১-১২-২০২৩ খ্রি. এবং কর্মকর্তা-বিমুক্তকরণ নির্দেশ নম্বর-এইচআরডি-১:০৪/২০২৪ তারিখ ১৫-০১-২০২৪ খ্রি. মোতাবেক বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকায় মহাব্যবস্থাপক পদমর্যাদায় প্রধান আর্থিক কর্মকর্তা (Chief Financial Officer) হিসেবে জনাব রওশন আক্তার যোগদান করায় ব্যাংকের প্রধান আর্থিক কর্মকর্তা (Chief Financial Officer) এর দায়িত্ব তাঁর উপর ন্যাস্ত করা হলো।

০২। প্রধান আর্থিক কর্মকর্তার (Chief Financial Officer) কার্যপরিধি (Terms of Reference) সংযুক্ত-ক তে উল্লেখ করা হলো।

০৩। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

অনুমোদনক্রমে-

১২/০২/২০২৪
(মোহাম্মদ এনামুল হক)
উপমহাব্যবস্থাপক

**সংশ্লিষ্ট নির্বাহী।**

প্রকা/এমপিডি/৬৮(অংশ-২)/২০২৩-২০২৪/১৪৮(১২৫০) তারিখঃ ১২-০২-২০২৪ খ্রি.

**সদয় অবগতির ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)ঃ**

০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
০২। স্টাফ অফিসার, সকল উপব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
০৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বাংলাদেশ কৃষি ব্যাংক/অধ্যক্ষ (মহাব্যবস্থাপক), বিকেবি স্টাফ কলেজ, মিরপুর, ঢাকা।
০৪। পরিচালক, হিউম্যান রিসোর্সেস ডিপার্টমেন্ট-১, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
০৫। সকল উপমহাব্যবস্থাপক/সচিব/বিভাগীয় প্রধান, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা। **পত্রটি ব্যাংকের অফিসিয়াল ওয়েব সাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য আইসিটি সিস্টেমস্ বিভাগ-কে অনুরোধ করা হলো।**
০৬। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৭। সকল উপমহাব্যবস্থাপক, কর্পোরেট শাখা, বাংলাদেশ কৃষি ব্যাংক (স্থানীয় মুখ্য কার্যালয়সহ)।
০৮। সকল মুখ্য আঞ্চলিক ব্যবস্থাপক/আঞ্চলিক ব্যবস্থাপক, বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৯। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক।
১০। সকল শাখা ব্যবস্থাপক, বাংলাদেশ কৃষি ব্যাংক।
১১। নথি/মহানথি।

১২/০২/২০২৪
(মোছাঃ খাদিজা বেগম)
সহকারী মহাব্যবস্থাপক

সংযুক্তি-ক

**প্রধান আর্থিক কর্মকর্তা (CFO) ঃ**

**ব্যাংকের প্রধান আর্থিক কর্মকর্তার (Chief Financial Officer) কার্যপরিধি (Terms of Reference) নিম্নরূপ ঃ**

১। শক্তিমান এবং কার্যকর আর্থিক শৃঙ্খলা গঠন ও ব্যাংকের হিসাবায়ন ক্ষমতা সুদৃঢ়করণ।

২। আর্থিক ব্যবস্থাপনা, হিসাব, বাজেট এবং পরিকল্পনা সম্পর্কিত নীতি ও ক্রিয়াবিধি বাস্তবায়ন এবং ব্যাংক পরিচালনায় গুণগত উন্নয়ন।

৩। ব্যাংকের আর্থিক কৌশলগত উন্নয়ন এবং ব্যাংকের আর্থিক সক্ষমতা সুদৃঢ়করণ।

৪। ব্যবস্থাপনা/নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষের নিকট কার্যকর ব্যবস্থাপনা তথ্য সরবরাহে কর্ম পরিকল্পনা গ্রহণ।

৫। ইন্টারন্যাশনাল ফাইন্যান্সিয়াল রিপোর্টিং স্ট্যান্ডার্ডস (IFRS), ইন্টারন্যাশনাল একাউন্টিং স্ট্যান্ডার্ড (IAS), ফাইন্যান্সিয়াল রিপোর্টিং অ্যাক্ট (FRA), বাংলাদেশ ব্যাংকের পলিসি ও রেগুলেশন্স এবং ব্যাংক কোম্পানী আইন মোতাবেক ব্যাংকের হিসাব পদ্ধতির আধুনিকিকরণ। ব্যাংকের আর্থিক অবস্থান পুনঃমূল্যায়ণসহ ব্যাংক পরিচালনায় কার্যকর ব্যয় উপযোগী বিকল্প মতামত প্রদান।

৬। আর্থিক এবং ব্যবস্থাপনা হিসাবায়ন, ব্যয় ও নিরীক্ষার ক্ষেত্রে ব্যাংক-কে সহযোগীতাকরণ। কম্পিউটারাইজড হিসাব পদ্ধতি ও ব্যবস্থাপনা হিসাব পদ্ধতিসহ অন্যান্য গুরুত্বপূর্ণ ক্ষেত্রের উন্নয়ন ও বাস্তবায়ন।

৭। ব্যাংকের ভাল ও খারাপ সম্পদের হিসাব ভিত্তিক পার্থক্যে মতামত প্রদান।

৮। শক্তিশালী ও কার্যকর হিসাব পদ্ধতি প্রতিষ্ঠা এবং সময়মত ব্যাংকের বিবরণী স্টেকহোল্ডার, বহিঃনিরীক্ষক ও বাংলাদেশ ব্যাংকের পরিদর্শন দলের উপযোগী করে প্রস্তুতকরণে সহায়তাকরণ।

৯। কার্যকর তহবিল ব্যবস্থাপনার দৃঢ়করণ। যেমন, ব্যাংকের Chief Risk Officer কর্তৃক গৃহীত/অবলোপিত গুরুত্বপূর্ণ বিষয়সমূহ (যা ব্যাংকের জন্য ঝুঁকি বহন করে) সম্পর্কে অবগত থাকতে হবে।

১০। বার্ষিক আর্থিক বিবরণীসহ অন্যান্য আর্থিক বিবরণীর পুনঃমূল্যায়ণ এবং ত্রুটি-বিচ্যুতি থাকলে তা মিমাংসাপূর্বক উন্নতিকরণ।

১১। কর্পোরেট কর, কর্মচারী কর, উৎসকর এবং ভ্যাটসহ কর কর্তৃপক্ষের নির্দেশনা দক্ষতার সাথে পরিপালন।

১২। বর্ণিত দায়িত্ব পালন ছাড়াও ব্যাংক ব্যবস্থাপনা কর্তৃপক্ষ কর্তৃক আরোপিত অপরাপর দায়িত্ব পালন করবেন;

১৩। চুক্তির মেয়াদকালে উভয় পক্ষের যে কোন একপক্ষ এক মাসের নোটিশে চুক্তি বাতিল করতে পারবে; নোটিশ দানে ব্যর্থতায় ০১(এক) মাসের সম্মানীর সমপরিমাণ অর্থ প্রদান করতে হবে;

১৪। তাকে প্রয়োজনবোধে কর্তৃপক্ষের অনুমোদনক্রমে বিভিন্ন সভা, সেমিনারে ব্যাংকের প্রতিনিধিত্ব করতে হবে এবং ব্যাংকের ব্যবস্থাপনা কমিটিসমূহে (বাংলাদেশ কৃষি ব্যাংকের ক্ষেত্রে দায়-সম্পদ কমিটি, ম্যানেজমেন্ট কোঅর্ডিনেশন কমিটি, অডিট কমিটি ইত্যাদি) সদস্য হিসেবে দায়িত্ব পালন করতে হবে;

১৫। তার পদটি ব্যাংকের সার্বক্ষণিক পদ বিধায় ব্যাংকে নিযুক্ত থাকাকালে তিনি ব্যাংক কর্তৃক সেবা বা পণ্য গ্রহণকারী কোন প্রতিষ্ঠানের উপদেষ্টা বা অন্য কোন লাভজনক পদে কর্মরত থাকতে পারবেন না;

১৬। সার্বক্ষণিক কাজের জন্য চুক্তিভিত্তিক নিয়োগ প্রাথমিকভাবে ১(এক) বছরের জন্য বলবৎ থাকবে; অর্পিত দায়িত্ব/কাজের মূল্যায়ন সন্তোষজনক বিবেচিত হলে ব্যাংকের প্রয়োজনে কর্তৃপক্ষের অনুমোদন সাপেক্ষে পরবর্তীতে চুক্তির মেয়াদ নবায়ন করা যেতে পারে;

১৭। তার পদটি ব্যাংকের অতীব গুরুত্বপূর্ণ পদ বিধায় ব্যাংকের যাবতীয় গোপন বিষয়াদির গোপনীয়তা বজায় রাখতে সম্মত আছেন মর্মে NDA (Non Disclosure Agreement) স্বাক্ষর করতে হবে।